



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা
www.tmed.gov.bd

স্মারক নং- ৫৭.০০.০০০০.০৬৬.০১.০০২.১৭-১৭

তারিখঃ ০১ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ
১৬ জুলাই, ২০২০ খ্রি:

বিষয় : মাদারীপুর জেলার রাজৈর উপজেলাধীন সাতবাড়িয়া নূরে মোহাম্মদী দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক (কম্পিউটার) জনাব জিয়াসমিন এর কম্পিউটার সংক্রান্ত সনদটি জাল ও ভুয়া প্রমাণিত হওয়ায় অর্থাৎ নিয়োগকালে কাম্য শিক্ষাগত যোগ্যতা না থাকায় এমপিও শীট থেকে জিয়াসমিন এর নাম কর্তন এবং এমপিওভুক্তির তারিখ থেকে অদ্যাবধি গৃহীত সমুদয় অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমাদানপূর্বক প্রমাণকসহ Compliance Report টিএমইডি-তে প্রেরণ প্রসঙ্গে।

- সূত্র: ১। নেকটার এর স্মারক নং-৫৭.০০.০০০০.০০৭.৩৬.০০১.১৮-৭৬২, তারিখ: ১২/০৬/২০১৯ খ্রি।
২। টিএমইডি এর স্মারক নং-৫৭.০০.০০০০.১৪২.০৩০.১৯-৮৩, তারিখ: ২৯.০৫.২০১৯ খ্রি।
৩। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৯.০১২.১৬-৮৩, তারিখ: ২৭/০২/২০১৯ খ্রি।
৪। ডিআইএর স্মারক নং-ডিআই/মাদারীপুর/১৯০৩-এম/ঢাকা: ১৪৭৬, তারিখ: ১২/০৪/১৬ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদারীপুর জেলার রাজৈর উপজেলাধীন সাতবাড়িয়া নূরে মোহাম্মদী দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক (কম্পিউটার) জনাব জিয়াসমিন এর সনদপত্র যাচাইয়ের জন্য টিএমইডি কর্তৃক পরিচালক, নেকটার-কে অনুরোধ পত্র প্রেরণ করা হয়।

০২. তদপ্রেক্ষিতে নেকটার কর্তৃক সূত্রোক্ত ০২ নং স্মারকমূলে নিয়ুক্তিত তথ্যগুলো উপস্থাপন করা হয়:

টিএমইডি কর্তৃক Query	Query এর প্রেক্ষিতে নেকটার কর্তৃক উপস্থাপিত তথ্য
১	২
ক) নেকটার (সাবেক নট্রামস) কর্তৃক এ্যাফিলিয়েটেড প্রতিষ্ঠান থেকে অর্জিত প্রশিক্ষণ বিষয়ক সনদ প্রদানকারী কর্তৃপক্ষ কে?	নেকটার (সাবেক নট্রামস) কর্তৃক এ্যাফিলিয়েটেড প্রতিষ্ঠান থেকে অর্জিত প্রশিক্ষণ বিষয়ক সনদ প্রদানকারী কর্তৃপক্ষ নেকটার (সাবেক নট্রামস)। তবে নেকটার/নট্রামস কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান তার নিজস্ব নাম ব্যবহার করে নিজ দায়িত্বে সনদ প্রদান করতে পারে। এক্ষেত্রে সনদে তাঁরা নট্রামস/শিক্ষা মন্ত্রণালয়ের নাম ব্যবহার করতে পারেন না।
খ) নেকটার (সাবেক নট্রামস) কর্তৃক এ্যাফিলিয়েটেড প্রতিষ্ঠান থেকে অর্জিত বিষয়ে উক্ত প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সনদ আইন অনুযায়ী গ্রহণযোগ্য কিনা?	স্মারক নং শা: ১২/অনুদান ৬/৯৯ (অংশ-১)/৩৩০৪, তারিখ: ২৮/১০/৯৯ ইং এর সংশোধনী নির্দেশ মোতাবেক 'নট্রামস কিংবা নট্রামস অনুমোদিত কোন কম্পিউটার প্রশিক্ষণ প্রতিষ্ঠান থেকে ৩ মাসের সার্টিফিকেট কোর্স পাস করলে কম্পিউটার বিষয়ে পড়ানোর আবেদন করতে পারবে' (অনুলিপি সংযুক্ত)
গ) নেকটার (সাবেক নট্রামস) কর্তৃক এ্যাফিলিয়েটেড প্রতিষ্ঠান থেকে অর্জিত সনদ এর আধিকারী কর্তৃপক্ষ কে?	নেকটার (সাবেক নট্রামস) কর্তৃক এ্যাফিলিয়েটেড প্রতিষ্ঠান থেকে অর্জিত সনদপত্রের আধিকারী কর্তৃপক্ষ নেকটার (সাবেক নট্রামস)।
ঘ) নেকটার (সাবেক নট্রামস) কর্তৃক এ্যাফিলিয়েটেড Modern Training Academy for Multilingual Shorthand, Dhunut, Bogra থেকে জনাব জিয়াসমিন কর্তৃক অর্জিত সনদটি বৈধ এবং গ্রহণযোগ্য কিনা?	নিয়মানুসারে এ্যাফিলিয়েটেড প্রতিষ্ঠানের সকল প্রশিক্ষার্থীদের সনদ নেকটার (সাবেক নট্রামস) থেকে ইস্যু হবে। অনুমোদিত প্রতিষ্ঠান Modern Training Academy for Multilingual Shorthand, Dhunut, Bogra নিজেসই তাদের নাম ব্যবহার করে সনদপত্রটি ইস্যু করেছে। ফলে সনদের গ্রহণযোগ্যতা নাই।

০৩. এক্ষেত্রে, ক) কম্পিউটার প্রশিক্ষণ সনদটির গ্রহণযোগ্যতা না থাকায় জনাব জিয়াসমিনের নামে এমপিওভুক্তি বিধি মোতাবেক হয়নি। ফলে এমপিও তালিকা থেকে তার (জনাব জিয়াসমিন) এর নাম কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-কে অনুরোধ করা হলো।

চলমান পাতা/২

২) যেহেতু নেকটার (সাবেক মট্রামস) কর্তৃক জানানো হয়েছে যে, মাদারীপুর জেলার রাজৈর উপজেলাধীন সাতবাড়িয়া নূরে মোহাম্মদী দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক (কম্পিউটার) জনাব জিয়াসমিন (ইনডেপ্ল নং-২০১৭৯৩৪)-এর কম্পিউটার প্রশিক্ষণ সনদটির গ্রহণযোগ্যতা নাই, সেহেতু এমপিওভুক্তির মাস থেকে এ যাবৎ গৃহীত সমুদয় অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করে এর প্রমাণক টিএমইডি-তে প্রেরণের জন্য মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-কে অনুরোধ করা হলো।

০৪. এমতাবস্থায়, অনুষ্টেদ ৩ (ক) ও (খ) এর নির্দেশনামতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে আত্মনী ১৮.০৮.২০২০ খ্রি. এর মধ্যে Compliance Report টিএমইডি-তে প্রেরণ নিশ্চিত করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(নুরজাহান বেগম)

সিনিয়র সহকারী সচিব (অডিট)

ফোন: ৯৫৭৫২৭২

মহাপরিচালক

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

বাংলাদেশ গার্ল হাইডস এসোসিয়েশন

গাইড হাউজ, ৭ম ও ১০ম তলা,

নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো)

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

৩. ~~সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পর্তুটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)~~

৪। সভাপতি, সাতবাড়িয়া নূরে মোহাম্মদী দাখিল মাদ্রাসা, সাতবাড়িয়া, মাদারীপুর।

৫। সুপার, সাতবাড়িয়া নূরে মোহাম্মদী দাখিল মাদ্রাসা, সাতবাড়িয়া, মাদারীপুর।

৬। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৭-৮। অফিস কপি/ মাস্টার কপি।